

## এ্যাসাইনমেন্ট (৬ষ্ঠ-১০ম শ্রেণি) লিখার ক্ষেত্রে শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা-২০২২

- (১) শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে, তাই এটি অনুসরণ করা জরুরি।
- (২) এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত তৈরি করতে এনসিটিবি প্রণীত ও প্রকাশিত ২০২২ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করলেই চলবে।
- (৩) অনলাইন বা ফেইসবুক বা অন্য কোন উৎস থেকে এ্যাসাইনমেন্ট কপি করে লিখা যাবে না। নিজের মেধা খাটিয়ে নিজের মত করে লিখতে হবে।
- (৪) মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে।
- (৫) এ্যাসাইনমেন্ট সরাসরি নিজের হাতে লিখতে হবে। এতে হাতের লিখার যেমন অনুশীলন হবে, তেমনি বিষয়টি বুঝতেও সুবিধা হবে।
- (৬) এ্যাসাইনমেন্ট A4 সাইজের কাগজ ব্যবহার করবে। কাগজের একপাশে লিখবে (কোনো ক্রমেই উভয় পাশে লিখবে না), স্পষ্ট করে লেখার চেষ্টা করবে এবং লেখার ভিতরে কাটা-কাটি না হয় সেদিকে খেয়াল রাখবে।
- (৭) প্রতি বিষয়ের জন্যে আলাদা এ্যাসাইনমেন্ট কাভার পৃষ্ঠা ব্যবহার করতে হবে। কাভার পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, শাখা, সিরিয়াল, জমাদানের তারিখ বিষয়ের নাম (সাবজেক্ট) ও এ্যাসাইনমেন্ট এর শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।
- (৮) এ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে কালো বলপয়েন্ট ছাড়া অন্য কোনো কালারিং পেন ব্যবহার না করাই ভালো।
- (৯) মাউশির কর্তৃক প্রেরিত /প্রদত্ত এ্যাসাইনমেন্ট নির্দেশনা মোতাবেক সম্পন্ন করে নিজের কাছে সংরক্ষণ করবে এবং বিদ্যালয় হতে জমাদানের নোটিশ মোতাবেক বিদ্যালয়ে এ্যাসাইনমেন্ট জমা দিবে।
- (১০) সার্বক্ষণিক বিদ্যালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শ্রেণির হোয়াটসআপ গ্রুপের নোটিশ অনুসরণ করবে। প্রয়োজনে শ্রেণি শিক্ষকের সাথে যোগাযোগ করবে।

নির্দেশক্রমে

প্রধানশিক্ষক

গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা